

ঔষেয়া

জয় কৃষ্ণ জগন্নাথ জয় সর্বাধিনাশক।
জয়াশেষজগদ্বন্দ্যপাদাশ্ভোজ নমোহস্ত তে ॥

হে কৃষ্ণ জগন্নাথ, তোমার জয় হোক। হে সকল আধি অর্থাৎ মনের ব্যাধি বিনাশকারী, তোমার জয় হোক। সমস্ত জগৎ তোমার চরণকমল বন্দনা করে, তোমাকে প্রণাম।^১

* * *

সর্বদা ঈশ্বর-বিশ্বাসী হবে। অতীতই বর্তমান ও ভবিষ্যতের কারণ। অতীতকে ভুলে যাও। বর্তমানকে ধর, তাকে অতীতের তুলনায় সুন্দরতর করে তোল, আর তাহলেই এই সুন্দরতর বর্তমান পুনরায় উজ্জ্বলতর ভবিষ্যৎকে গড়ে তুলবে।

মানুষের কাছ থেকে কিংবা ঈশ্বরের কাছ থেকেও কোনকিছু প্রত্যাশা করো না।^২

—স্বামী ত্রিগুণাতীতানন্দ

১। জগন্নাথপ্রণামঃ, স্তবকবচমালা (গিরিজা লাইব্রেরী : কলকাতা, ২০১৪), পৃঃ ৭২৭

২। সম্পাদনা স্বামী ঋতানন্দ, স্বামী ত্রিগুণাতীতানন্দের পত্রকণিকা (উদ্বোধন কার্যালয় : কলকাতা, ২০১৫),
পৃঃ ১৫১-৫২